''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০১০.২০১৯- ৬৭৪

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নিয়োগ সুপারিশের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন ইঞ্জিনিয়ারিং কলেজের শূন্যপদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলোঃ

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আলমগীর হোসেন<br>পিতাঃ আব্দুল বারি<br>মাতাঃ হালিমা খাতুন | প্রযত্নে আব্দুল বারি, গ্রাম + ডাকঘরঃ সাভারদিয়া, থানা/উপজেলাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী | অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | ৫৬৫০০-৭৪৪০০/- (৩য় গ্রেড) |
| ০২ | জনাব আবদুর রউফ<br>পিতাঃ মোহাম্মদ ময়দর আলী<br>মাতাঃ জাহানারা বেগম | বাড়ী: মোল্লা বাড়ী, গ্রাম/শহরঃ বাহাদুর পুর ডাকঘরঃ বড়চর, থানা/উপজেলাঃ রায়পুরা, জেলাঃ নরসিংদী | সহযোগী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) |
| ০৩ | জনাব মোঃ খলিল উদ্দিন<br>পিতাঃ মোঃ খবির উদ্দিন<br>মাতাঃ মোছাঃ জহুরা খাতুন | গ্রাম: জোত ভাগিরত পুর ডাকঘরঃ জামিরা, থানা/উপজেলাঃ পুঠিয়া, জেলাঃ রাজশাহী | | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) |
| ০৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>পিতাঃ মোঃ মকবুল হোসেন<br>মাতাঃ সোনাভান বেগম | গ্রাম/শহরঃ হালুয়াকান্দি, ডাকঘরঃ বৈদ্য জামতৈল, থানা/উপজেলাঃ কামারখন্দ, জেলাঃ সিরাজগঞ্জ | সহযোগী অধ্যাপক (গণিত) | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) |
| ০৫ | জনাব মোঃ একলাছুর রহমান<br>পিতাঃ মোঃ আব্দুল লতিফ বিশ্বাস<br>মাতাঃ ফরিদা ইয়াসমিন | সড়ক: হাসপাতাল সড়ক গ্রাম/শহরঃ হেলাই, ডাকঘরঃ নলডাঙ্গা, থানা/উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ ঝিনাইদহ | সহযোগী অধ্যাপক (রসায়ন) | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) |
| ০৬ | ড. আতিকুর রহমান বায়েজীদ<br>পিতাঃ বদরুল আমীন<br>মাতাঃ আছিয়া খাতুন | বাড়ী: বড়বাড়ী, গ্রাম + ডাকঘরঃ বিদ্যাবল্লভ, থানা/উপজেলাঃ কেন্দুয়া, জেলাঃ নেত্রকোনা | সহযোগী অধ্যাপক (পদার্থ) | ৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড) |
| ০৭ | জনাব সবুজ আহমেদ (মুক্তিযোদ্ধার কন্যার পুত্র)<br>পিতাঃ আবু তালেব মাতুব্বর<br>মাতাঃ রিনা হেলেন | গ্রাম/শহরঃ দত্ত কেন্দুয়া ডাকঘরঃ দত্ত কেন্দুয়া থানা/উপজেলাঃ মাদারীপুর জেলাঃ মাদারীপুর | সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) |
| ০৮ | জনাব রাবিয়া আক্তার (মুক্তিযোদ্ধার কন্যা)<br>পিতাঃ মোঃ শাহজাহান<br>মাতাঃ ফেরদাউসী বেগম | বাড়ী: কাজীবাড়ি গ্রাম/শহরঃ শ্রীমন্তপুর ডাকঘর+থানা/উপজেলাঃচান্দিনা জেলাঃ কুমিল্লা | | ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) |

**শর্তাবলী :**

(ক) নিয়োগপ্রাপ্ত শিক্ষকদেরকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নির্ধারিত মেয়াদে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকদেরকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকদেরকে চাকরিতে যোগদানকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে ;

(ঙ) সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি কেউ সরকারের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঝ) উল্লিখিত শর্তাবলি বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ, ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৪ জুলাই ২০১৯ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭ বরাবর যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ/ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩/০৬/১৯

(মোঃ আবদুর রহমান)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৭। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৮। অধ্যক্ষ, .................ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব ..........................................................................................................
১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪। অফিস নথি।